

## সামিট টেকনোলজিসে দেশের প্রথম ভিডিও সার্ভেল্যান্স ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট তৈরি করবে সিডনিসান



**ছবি ক্যাপশন:** সামিট টেকনোলজিস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আবু রেজা খান এবং সিডনিসান ইন্টারন্যাশনালের ব্যবস্থাপনা পরিচালক সাগর কুমার টিটো গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে অবস্থিত সামিট টেকনোলজিসে এক একর জায়গায় দেশের প্রথম ভিডিও সার্ভেল্যান্স ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপনের জন্য ভূমি হজারা টুক্তি স্বাক্ষর করেন।

### (ঢাকা) ৫ই অক্টোবর ২০২০, সোমবার:

সিডনিসান এবং তাদের টেকনোলজি অংশীদার চীনের ডাহুয়া, গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু হাই-টেক সিটির ব্লক-২-এ নির্মাণ ও পরিচালনা শর্তে ভিডিও সার্ভেল্যান্স উৎপাদন এবং সংযোজন কারখানা স্থাপনের জন্য সামিট টেকনোলজিসে ৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। অতিসম্বর প্রি-ফেব্রিকেটেডে কারখানাটি নির্মাণকাজ শুরু হবে এবং আশা করা হচ্ছে প্ল্যান্টটি ২০২১ সালের জানুয়ারি থেকে সেমি নকড ডাউন (এসকেডি) ভিডিও সার্ভেল্যান্স সরঞ্জাম সংযোজন এসেম্বলি শুরু করবে। প্রাথমিকভাবে এই কারখানায় প্রায় ৯০ জন বাংলাদেশী প্রকৌশলী এবং ১০ জন বিদেশী বিশেষজ্ঞ কাজে নিয়োজিত থাকবেন। এখানকার উৎপাদিত পণ্য দেশের বাজারে সরবরাহের পাশাপাশি বিদেশেও রপ্তানি করা হবে।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (সচিব) জনাব হোসনে আরা বেগম এনডিসি, বাংলাদেশ কম্পিউটার সমিতির (বিসিএস) সভাপতি মো. শাহিদ-উল-মুনীর উপস্থিতিতে এই চুক্তিটি স্বাক্ষরিত হয়। এছাড়া অনুরূপে

ভারুয়ালি সংযুক্ত হন সামিট গ্রুপের ভাইস-চেয়ারম্যান লতিফ খান, পরিচালক ফাদিয়া খান, সালমান খান সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবন্দ।

#### সংক্ষেপে সামিট টেকনোপলিস লিমিটেড:

সামিট টেকনোপলিস সরকারি-বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি) গাজীপুরের কালিয়াকৈরে অবস্থিত বঙ্গবন্ধু হাই-টেক সিটির ৯১ একর জায়গায় তথ্য প্রযুক্তি, তথ্য প্রযুক্তি সম্বলিত সেবাসমূহ (আইটিইএস), দূষণমুক্ত ম্যানুফ্যাকচারিং এসেম্বলি লাইন এবং ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়নে কাজ করেছে। সামিট টেকনোপলিস এই ৯১ একর জায়গার নকশা, নির্মাণ, অর্থায়ন, সরকারের কাছে নিজস্ব পরিচালনা স্থানান্তরের শর্তের অধীনে ৬০ বছরের জন্য ইজারা পেয়েছে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন [www.summittechnopolis.com](http://www.summittechnopolis.com)

#### সংক্ষেপে সিডনিসান ইন্টারন্যাশনাল:

২০০৪ সালে প্রতিষ্ঠিত, সিডনিসান ইন্টারন্যাশনাল দেশের সুরক্ষা এবং নজরদারি ভিডিও সমাধানের বৃহৎ সরবরাহকারী প্রতিষ্ঠান এবং চীনের ডাছ্যা টেকনোলজি এর একমাত্র অনুমোদিত পরিবেশক। ডাছ্যা বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ভিডিওকেন্দ্রিক স্মার্ট ইন্টারনেট অফ থিংস (আইওটি) সমাধান এবং পরিষেবা সরবরাহকারী প্রতিষ্ঠান। বাংলাদেশে এই খাতে সিডনিসানের সিংহভাগ গ্রাহক রয়েছে। সিডনিসান বাংলাদেশের শীর্ষ পর্যটন কেন্দ্র কক্সবাজার শহরের ভিডিও নজরদারির সমাধান সফলভাবে মোতায়েন করেছে, এছাড়া বাংলাদেশ হাইওয়ে পুলিশ বাহিনীর কেন্দ্রীয় কমান্ডের পুরো নজরদারির সকল হার্ডওয়্যার এবং সফটওয়্যার সরবরাহ করেছে। অধিকন্তু অত্যন্ত সংবেদনশীল প্রাপ্তন যেমন বঙ্গভবন (মাননীয় রাষ্ট্রপতির বাসভবন) এবং গণভবনে (মাননীয় প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন) স্পর্শবিহীন বিহীন তাপমাত্রা পরিমাপক (বিটিএম) সরবরাহ করেছে।

#### মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

- মোহসেনা হাসান | ইমেইল: [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫
- নেফিজ আহমেদ | হেড অফ বিজনেস এডমিনিস্ট্রেশন | সিডনিসান ইন্টারন্যাশনাল লিমিটেড | ইমেইল: [nefiz@sydneyunbd.com](mailto:nefiz@sydneyunbd.com) | মোবাইল: ০১৯৭৮ ০১৮৮০৬